

(for <http://schools.nyc.gov/ChoicesEnrollment/Elementary/default.htm>)

## ২০০৯ সালের কিন্ডারগার্টেনে ভর্তি

অভিভাবকেরা জোনভুক্ত স্কুলসহ যেসব স্কুলে তাদের সন্তানকে ভর্তি করতে আগ্রহী সেগুলোর প্রতিটিতে ১২ জানুয়ারি থেকে ২ মার্চের মধ্যে সশরীরে আবেদন করতে হবে।

স্কুলগুলো মধ্যমাৰ্চে অভিভাবকদের কাছে নির্ধারিত স্কুলের নাম পাঠাবে। প্রস্তাবলাভকারী অভিভাবকদের প্রস্তাব গ্রহণ করার জন্য ১৩ এপ্রিলের মধ্যে স্কুলে গিয়ে তাদের সন্তানকে প্রাক-নিবন্ধন করাতে হবে।

কিন্ডারগার্টেনের জন্য উপযুক্ততা অর্জনে ছেলেমেয়েদের বয়স ৩১ ডিসেম্বর ২০০৯ এর মধ্যে পাঁচ বছর এবং প্রাক-নিবন্ধনের সময়ে নিউ ইয়র্ক সিটির অধিবাসী হতে হবে।

স্কুলে আবেদন করার সময়ে অভিভাবকদের নিচের নথিপত্র দেখাতে হবে:

- বসবাসের প্রমাণ। নিচের যেকোন দুটি কাগজ:
  - বাসিন্দার নামে এবং গত ৬০দিনের মধ্যে কোন একদিন ইস্যুকৃত রেসিডেনশিয়াল ইউটিলিটি বিল (গ্যাস অথবা ইলেকট্রিক);
  - ফেডারেল, স্টেট ও স্থানীয় সরকারের লেটারহেডে বাসিন্দার নাম ও ঠিকানা উল্লেখ করে গত ৬০দিনের মধ্যে কোন একদিন ইস্যুকৃত চিঠি;
  - বাড়ির মূল লিজের চুক্তি, ডিড অথবা মর্টগেজ স্টেটমেন্ট;
  - বাড়ির হালনাগাদ প্রপার্টি ট্যাক্স বিল;
  - গত ৬০দিনের মধ্যে কোন একদিন ইস্যুকৃত পানির বিল;
  - নিয়োগকর্তার কাছ থেকে ৬০দিনের মধ্যে কোন একদিন ইস্যুকৃত আনুষ্ঠানিক পেরোল নথি, যেমন ট্যাক্স উইথহোল্ড ফরম বা পেরোল রিসিট (নিয়োগকর্তার লেটারহেডে লেখা চিঠি গ্রহণযোগ্য হবে না);
- সন্তানের জন্মসনদ বা পাসপোর্ট;
- ২০০৯-২০১০ সালে শিক্ষার্থী যে-স্কুলে আবদন করছে সেটিতে অধ্যয়নরাত (১-৫ গ্রেড) ভাইবোনের নাম।

\*\*\*

জোনভুক্ত স্কুলগুলো বরাবরের মত তাদের জোনে বসবাসকারী শিক্ষার্থীদের অগ্রাধিকার দেবে। স্কুল অগ্রাধিকার বিবেচনায় যে-ক্রম ব্যবহার করবে তা নিচে দেয়া হল:

- এমন জোনভুক্ত শিক্ষার্থী যার ভাইবোন ২০৯-২০১০ সালে একই স্কুলে ১-৫ গ্রেডে পড়বে
- এমন জোনভুক্ত শিক্ষার্থী যার ভাইবোন ২০০৯-২০১০ সালে সেই স্কুলে যাবে না
- বাইরের জোন থেকে আগত ডিস্ট্রিক্টের শিক্ষার্থী যার ভাইবোন ২০০৯-২০১০ সালে সেই স্কুলে ১-৫ গ্রেডে পড়বে
- বাইরের জোন থেকে আগত শিক্ষার্থী যার ভাইবোন ২০০৯-২০১০ সালে সেই স্কুলে ১-৫ গ্রেডে পড়বে
- বাইরের জোন থেকে আগত ডিস্ট্রিক্টের শিক্ষার্থী যার ভাইবোন ২০০৯-২০১০ সালে সেই স্কুলে ১-৫ গ্রেডে পড়বে না
- বাইরের জোন থেকে আগত শিক্ষার্থী যার ভাইবোন ২০০৯-২০১০ সালে সেই স্কুলে ১-৫ গ্রেডে পড়বে না